

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৭২

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ এই প্রশ্নকারী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যে প্রশ্ন করেছিলেন, সেটার সময় সম্পর্কে বর্ণনা

ذِكْرُ الْوَقْتِ الَّذِي سَأَلَ هَذَا السَّائِلُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَمَّا سَأَلَ

আরবী

[2/3772] - وَحَدَّثَنَا أَيُّوبُ عَنْ نَافِعٍ: عَنِ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (السَّرَّاوِيلُ لِمَنْ لَمْ يَجِدِ الْإِزَارَ وَالْخُفَّانِ لِمَنْ لَمْ يَجِدِ النَّعْلَيْنِ) قَالَ: فَقَالَ بِيَدِهِ وَأَشَارَ إِبْرَاهِيمَ بْنَ الْحَاجَاجَ كَأَنَّهُ لَمْ يَعْبُأْ بِالْحَدِيثِ فَقُمْتُ مِنْ عِنْدِهِ فَتَلَقَّانِي الْحَاجَاجُ بْنُ أَرْطَاهَ دَاخِلَ الْمَسْجِدِ فَقُلْتُ: يَا أَبَا أَرْطَاهَ مَا تَقُولُ فِي مُحْرِمٍ لِبِسَ السَّرَّاوِيلَ أَوْ لِبِسِ الْخُفَّيْنِ؟ فَقَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ دِينَارٍ عَنْ جَابِرِ بْنِ زَيْدٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (السَّرَّاوِيلُ لِمَنْ لَمْ يَجِدِ الْإِزَارَ وَالْخُفَّانِ لِمَنْ لَمْ يَجِدِ النَّعْلَيْنِ) الرَّاوِي : ابْنُ عُمَرَ اَلْمَحْدُث : الْعَالَمَةُ نَاصِرُ الدِّينُ الْأَلْبَانِيُّ اَلْمَصْدُرُ : التَّعْلِيقَاتُ

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: [2/3772] | خلاصة حكم المحدث: صحيح - ((إلروا)) (153)، ((صحيح أبي داود)) (1605).

বাংলা

৩৭৭২/২\*. আবুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি লুঙ্গি পায় না, তার জন্য পাজামা আর যে ব্যক্তি জুতা পায় না, তার জন্য চামড়ার মোজা (পরিধার করার বৈধতা রয়েছে)।”

রাবী বলেন, “অতঃপর তিনি হাত দিয়ে ইশারা করেন। ইবরাহিম বিন হাজাজ ইশারায় বুৰান যেন তিনি হাদীসের প্রতি ভুক্ষেপ করেননি। ফলে আমি তার কাছ থেকে উঠে আসি। অতঃপর মাসজিদের ভিতরে আমার সাথে হাজাজ বিন আরতাতের দেখা হয়। তখন আমি তাকে বলি, “হে আবু আরতাত, মুহরিম ব্যক্তির পাজামা ও চামড়ার মোজা পরিধান করার ব্যাপারে আপনার অভিমত কী?” তখন তিনি বলেন, “আমাদেরকে আমর বিন দীনার, জাবির বিন যাইদ থেকে, তিনি ইবনু আবুস রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণনা করেছেন, তিনি বলেন,

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি লুঙ্গি পায় না, তার জন্য পাজামা আর যে ব্যক্তি জুতা পায় না, তার জন্য চামড়ার মোজা (পরিধার করার বৈধতা রয়েছে)।”[1]

## ফুটনোট

[1] আবু দাউদ: ১৮২৯; নাসাঈ: ৫/১৩২-১৩৩; তাবারানী আল কাবীর: ১২৮১০; তাহাবী: ২/১৩৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুল্লাহ আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁরীক্ষিত

পাবলিশার: হাদিসবিডি □ বর্ণনাকারী: আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93110>

© হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন